

উপজেলা কৃষি ও সেচ কমিটির দ্বিমাসিক সভা।

তারিখ : জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

তারিখ : ০২/০৯/২১ খ্রিঃ।

সময় : ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়।

উপস্থিত সদস্য বৃন্দ :

- ১। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ - (সদস্য)
- ২। চেয়ারম্যান ৩নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ - (সদস্য)
- ৩। চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ- (সদস্য)
- ৪। উপজেলা কৃষি অফিসার, বটিয়াঘাটা, খুলনা - (সদস্য সচিব)

উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সদস্য সচিবকে বিগত সভার কার্যবিবরণী পাঠ পূর্বক কার্যপত্র অনুসারে বর্তমান সভায় আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি বর্তমান সভার আলোচনা শুরু করেন।

আলোচনা-০১ : রোপা আমন ধানের বর্তমান অবস্থা।

সদস্য সচিব সভায় জানান যে, এ বছর এই উপজেলায় মোট ১৭৬০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের চাষ হয়েছে। এর মধ্যে হাইব্রিড ৮০ হেক্টর, ৮০২০ হেক্টর উফশী এবং ৯৫০০ হেক্টর স্থানীয় জাতের রোপা আমন ধান। বর্তমানে ফসলের সার্বিক অবস্থা ভালো। কোন প্রাকৃতিক দুর্যোগ বা পোকামাকড়ের আক্রমণ না হলে আশানুরূপ ফলন পাওয়া যেতে পারে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা সভা ও উঠান বৈঠকের মাধ্যমে কৃষকদের প্রতিনিয়ত এ বিষয়ে পরামর্শ দিয়ে চলেছেন। কৃষকদের এ বিষয়ে আরও সচেতন করার লক্ষ্যে উপজেলা কৃষি অফিসার মহোদয় কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ০১


উপজেলা কৃষি অফিসার মহোদয় এ ব্যাপারে উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সদস্যসহ উপজেলা সমন্বয় কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-০২ : রোপা আমন ধান ক্ষেতে ডাল পোতা (পার্চিং) ও আলোক ফাঁদ ব্যবহার।

সদস্য সচিব সভায় জানান যে, পোকাকার আক্রমণ থেকে রোপা আমন ধান রক্ষার লক্ষ্যে বিঘাপ্রতি ১২-১৫ টি ডাল/কঞ্চি পুতে (পার্চিং) দিলে বিভিন্ন প্রকার পোকা খেকো পাখি ডালে বসে ফসলের ক্ষতিকারক পোকা খাওয়ার ফলে পোকাকার আক্রমণ অনেকাংশে কমানো সম্ভব। সদস্য সচিব আরও জানান যে, ইতিমধ্যে ফরেস্টারকে ডাল কাটার বিষয়ে অবহিত করা হয়েছে। তার সম্মতিক্রমে সামাজিক বনায়নকৃত গাছ থেকে এলাকার কৃষকবৃন্দ তাদের ধানক্ষেতে ডাল পোতার (পার্চিং) জন্য ছাটাই করা দরকার এমন ডালপালা কেটে ক্ষেতে পোতার ব্যবস্থা করবে এবং রোপা আমন ধান ক্ষেতের পাশে কৃষ্ণ পক্ষে আলোক ফাঁদ ব্যবহার করে পোকাকার উপস্থিতি জেনে পোকা দমনের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০২
কৃষি অফিসার মহোদয় এ বিষয়ে উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের
সহযোগিতা কামনা করেন।

অতঃপর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার
সমাপ্তি ঘোষণা করেন।



নিতাই গাইন

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও


ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং ১২.১০.০০০০.১২০.৯৯.০১৩.২০১৯/১১১(৫)

তারিখ ১০২/০৯/২০২১খ্রিঃ

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। চেয়ারম্যান, ৩ নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। চেয়ারম্যান, ৬ নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।



উপজেলা কৃষি অফিসার
বটিয়াঘাটা, খুলনা।